[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

স্বারক ক্রেস্ট প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজ চত্ত্বরে আনুষ্ঠানিক ভাবে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। দামুড়হুদা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে মহান স্বাধীনতা যুদ্ধের যুদ্ধকালীন কমান্ডার বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা স্বারক ক্রেস্ট প্রদান, দামুড়হুদা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির নবনির্বাচিত কমিটির অভিষেক, সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আর্থ মুভিং গ্রুপের চেয়ারম্যান দামুড়হুদা উপজেলার কৃতি সন্তান ইঞ্জিনিয়ার মো মজিবুল হক। অনুষ্ঠানের প্রধান অলোচক ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক মাথাভাঙ্গার সম্পাদক-প্রকাশক সরদার আল আমিন।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি সাইফুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজের সভাপতি শফিউল কবীর ইউসুফ, নতিপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আজিজুল হক আজিজ, দামুড়হুদা উপজেলা শ্রমীকলীগের সভাপতি হাজী আব্দুল কাদির, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু।



অনুষ্ঠানে অতিথি ছিলেন নতিপোতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো মোমিনুল হক, গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক আব্দুল মান্নান, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মোঃ মাকসুদুর রহমান রতন, কার্পাসডাঙ্গা বাজার বণিক সমিতির সভাপতি মো আলমগীর রাসেল ও সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি। অনুষ্ঠানের শুরুতেই অনুষ্ঠানের মধ্যমনি ইন্জিনিয়ার মো মজিবুল হক কে দামুড়হুদা প্রেসক্লাবের পক্ষ থেকে ফুলেল শুভেচছা দিয়ে বরণ করে নেয়া হয়।

এরপর পবিত্র কোরআন তেলোয়াত করেন দামুড়হুদা প্রেসক্লাবের সদস্য মোমিনুল হক মনির, স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো হাবিবুর রহমান হবি। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা প্রেসক্লাবের নির্বাহী সদস্য মো জাহিদুর রহমান মুকুল।

অনুষ্ঠানে দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির সকল কে রজনীগন্ধা ফুল দিয়ে বরণ শেষে একটি করে ক্যামেরা ব্যাগ ও একটি করে গেণ্জি তুলে দেন নেন অতিথিবৃন্দ।

দামুড়হুদায় নবীন আলেমদের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি ইউনিয়ন উলামা পরিষদের উদ্যোগে আদর্শ সমাজ বিনির্মানে নবীন আলেমদের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১০ টার সময় প্রতাপপুর আল মুখতার হাফেজিয়া মাদ্রাসা প্রাঙ্গনে উক্ত অনুষ্ঠান ক্বারী মোঃ জুবাইদুর রহমান (জুবায়েরের) সঞ্চালনা ও কুড়ালগাছি ইউনিয়ন উলামা পরিষদের সহ-সভাপতি মাও: আলী আহমেদ সাহেবের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা উলামা পরিষদের সভাপতি মুফতি জুনাইদ আল হাবীবী। উদ্বোধনী বক্তব্য পেশ করেন সহ-দপ্তর সম্পাদক মাওঃ মোঃ হেলাল উদ্দিন, বিশেষ মেহমান হিসেবে উপস্থিত ছিলেন- কুষ্টিয়া জেলা উলামা পরিষদের সাধারণ সম্পাদক মাও: রফিকুল ইসলাম নদভী, খুলনা বিভাগীয় কওমী মাদরাসা পরিষদের চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মুফতি আব্দুর রাজ্জাক সাহেব।

প্রধান অতিথির বক্তব্যে মুফতি জুনাইদ আল-হাবীবী বলেন চুয়াডাঙ্গা জেলা উলামা পরিষদ নিছক গতানুগতিক কোনো সংগঠনের নাম নয় এটা চুয়াডাঙ্গাবাসীর প্রাণের সংগঠন, চুয়াডাঙ্গার মানুষের দ্বীনি

রাহবারি করার জন্য আপনারা এক ও ঐক্যের সাথে কাজ করবেন, প্রত্যেকেই নিজ নিজ দায়িত্ব পালনে সচেষ্ট থাকবেন। উলামায়ে কেরামের মধ্যে যেন কেউ ফাটল তৈরি করতে না পারে, সেজন্য সজাগ থাকতে হবে এবং ঐক্যের সাথে চলতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে মুফতি আব্দুর রাজ্জাক বলেন চুয়াডাঙ্গা জেলা উলামা পরিষদ প্রতিষ্ঠাগ্ন থেকেই মানুষকে দ্বীনমুখী মসজিদমুখী করার চেষ্টা করছে, চুয়াডাঙ্গা জেলায় কোনো বাতিল ফেরকার ঠাঁই হবে না বলেও হুশিয়ারী করেন তিনি, তিনি বলেন ইদানীং আমরা লক্ষ্য করছি হেযবুত তাওহীদ সহ বিভিন্ন বাতিল সংগঠন মাথাচাড়া দিয়ে উঠছে এব্যাপারে আপনাদেরকে সজাগ থাকতে হবে, যেন চুয়াডাঙ্গা জেলার সাধারণ মানুষের ঈমান নিয়ে কেউ ছিনিমিনি খেলতে না পারে। আপনারা চুয়াডাঙ্গাবাসীর ঈমান আমল রক্ষার অতন্দ্র প্রহরী। উলামায়ে কেরামকে দশটি বিশেষ গুন অর্জনের কথা বলে তিনি বলেন, আজকের এই নবীন আলেমরা আগামী দিনের চুয়াডাঙ্গা জেলা উলামা পরিষদের দায়িত্বশীল, সুতরাং আপনাদের প্রতিটি কথা, কাজ চলা-ফেরা সব কিছু উলামায়ে কেরামের শান ওয়ালা হতে হবে।

এছাড়াও গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন: জীবননগর থানা শাখা উলামা পরিষদের সভাপতি মাও: মাহবুবর রহমান গওহরী, সাধারণ সম্পাদক মুফতি শাহ জামাল, দামুড়হুদা থানা উলামা পরিষদের সাধারণ সম্পাদক মুফতি আলী আকবর, দর্শনা থানা উলামা পরিষদের সভাপতি মাও: আব্দুল খালেক, সাধারণ সম্পাদক মুফতি জুনাইদ আল-আজাদ। কৃতজ্ঞতা বক্তব্য রাখেন কুড়ালগাছি ইউনিয়ন উলামা পরিষদের সভাপতি মুফতি আখতারুজ্জামান ফারুকী। পরে নবীন আলেমদের সংবর্ধনা প্রদান করা হয়।
সবশেষে মাওলানা রফিকুল ইসলাম নদভী সাহেবের দু’আর মাধ্যমে অনুষ্ঠান শেষ হয়।

আলমডাঙ্গায় নাতির সামনে, ট্রাক চাপায় প্রাণ গেলো দাদার

বিয়াই বাড়ি ঈদের দাওয়াত খেয়ে ফেরার পথে ট্রাক চাপায় প্রাণ গেল

আকুব্বর (৭০) নামের এক বৃদ্ধর। আজ বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে উপজেলার হারদী ইউনিয়নের উদয়পুর গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত আকুব্বর হোসেন বৈদ্যনাথপুর গ্রামের মৃত খেদআলী মন্ডলের ছেলে।

পরিবার সূত্রে জানাযায়, আজ বৃহস্পতিবার দুপুরে ছেলে ও দুই নাতিকে নিয়ে বৃদ্ধ আঠারোখাদা গ্রামে বিয়াই বাড়ি কোরবানি দাওয়াতে যায়। বিকেলে ফেরার পথে ছেলে মোটরসাইকেল চালাচ্ছিলো। দুই নাতিকে নিয়ে পিছনে বসেছিল বৃদ্ধ আকুব্বর । মোটরসাইকেল উদয়পুর গ্রামের মাঠের নিকট পৌঁছালে বিপরীত দিক থেকে বেপরোয়া গতিতে ছুটে আসে ট্রাক । বৃষ্টি হওয়াই, মোটরসাইকেল ব্রেক দিতেই স্লিপ করে। গাড়ির পিছন থেকে ছিটকে চলন্ত ট্রাকের নিচে চাপা পড়েন বৃদ্ধ আকুব্বর। সেখানেই তিনি মারা যান।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। লাশের সুরতহাল রিপোর্ট শেষে পরবর্তী আইনগত ব্যবস্থা নেয়া হবে।

জীবননগরে প্রীতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

জীবননগরে প্রীতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর খেলোয়ার কল্যাণ সমিতির আয়োজনে জীবননগর হাইস্কুল মাঠে এ খেলার উদ্বোধন করা হয়।

জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রীতি ফুটবল টুর্নামেন্ট খেলার উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকনুজ্জামান, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর পৌর

আওয়ামীলীগের সভাপতি মুন্সী নাসির উদ্দিন, সাধারন সম্পাদক মোঃ জাহাঙ্গীর আলম প্রমুখ।

উক্ত খেলায় অংশ গ্রহন করেন ফরিদপুর চাদেও হাট মহিলা ফুটলব একাডেমী বনাম চুয়াডাঙ্গা মাহাতাব উদ্দিন মহিলা ফুটবল একাডেমী।উক্ত খেলাটির সার্বিক পরিচালনা করেন জীবননগর খেলোয়ার কল্যাণ সমিতির জীবননগর উপজেলা শাখার সভাপতি শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবু।

জীবননগরে ড্রেন নির্মান কাজের উদ্বোধন

জীবননগর পৌর শহরের মেইন বাসষ্ট্রান্ডে ৮৩লাখ১৩হাজার ৮৫৯টাকা ব্যায়ে ড্রেন নির্মান কাজের উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল ৪টার সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জীবননগর পৌর শহরের বাসষ্ট্রান্ড মসজিদের সামনে ড্রেন নির্মান কাজের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর আওয়ামীলীগের সভাপতি মুন্সী নাসির উদ্দিন, সাধারন সম্পাদক জাহাঙ্গীর আলম প্রমুখ।

জীবননগরে সানমুন পার্কের শুভ

উদ্বোধন

জীবননগরে সানমুন পার্কের শুভ উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার দুপুরে জীবননগর উপজেলার উথলী বাসষ্ট্রান্ডের পাশে এ পার্কের উদ্বোধন করা হয়।

সানমুন পার্কের সত্বাধীকার মোঃ রাজিব হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সানমুন পার্কের শুভ উদ্বোধন করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান, সাংবাদিক সালাউদ্দিন কাজল, মিঠুন মাহমুদ, মুকুল, এ আর ডাবলু, তুহিন,সানমুন পার্কের সত্বাধীকার মোঃ জসিম উদ্দিন, মাহাবুব হোসেন প্রমুখ।

ফ্যান্টাসি চুয়াডাঙ্গা ফুড এন্ড ফান্ পার্কের শুভ উদ্বোধন অনুষ্ঠান

দামুড়হুদা সদরের পুড়াপাড়ায় ফ্যান্টাসি চুয়াডাঙ্গা নামের একটি ফুড এন্ড ফান্ পার্কের শুভ উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা-চুয়াডাঙ্গা সড়কের রাজা ব্রিকস এর সামনে শুভ উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু। দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, উপজেলা আওয়ামীলীগ নেতা সেলিম উদ্দীন বগা, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু, ফ্যান্টাসি চুয়াডাঙ্গার স্বত্বাধিকারী মোঃ রইচ উদ্দিন মোল্লা, দামুড়হুদা

মডেল মসজিদের ইমাম মাওলানা মুফতি মামুনুর রশিদসহ বিভিন্ন সামাজিক, রাজনৈতিক নেতৃবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

এ সময় ফুড এন্ড ফান্ পার্কের বিভিন্ন স্থান পরিদর্শন করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু সহ আমন্ত্রিত অতিথিরা। পরিদর্শন শেষে আলী মুনছুর বাবু বলেন, বহুতল ভবনের ফাঁকে হারিয়ে যাচ্ছে শহরের মাঠ-ঘাট। শিশুদের মানসিক ও শারিরীক বিকাশের জন্য প্রয়োজনীয় বিনোদন স্থলগুলো হারিয়ে যাচ্ছে। বর্তমান ইট পাথরের দুনিয়ায় বিনোদনের জায়গা একেবারেই সংকীর্ণ হয়ে উঠেছে। এখানে চমৎকার পরিবেশে অসাধারণভাবে গড়েতোলা হয়েছে প্রতিষ্ঠানটি।

এসময় ফ্যান্টাসি চুয়াডাঙ্গা ফুড এন্ড ফান্ পার্কের স্বত্বাধিকারী মোঃ রইচ উদ্দিন মোল্লা সাংবাদিকদের জানান, প্রতিষ্ঠানটি দামুড়হুদা-চুয়াডাঙ্গা সড়কের পাশে স্থাপন করা হয়েছে। আমাদের প্রতিষ্ঠানটি সম্পূর্ণ ধূমপান মুক্ত থাকবে, আশা করি কোন প্রকার উশৃঙ্খলতা ও কুরুচিপূর্ণ পরিবেশ সৃষ্টি হবে না। সবাই যেন পরিবার-পরিজন নিয়ে এখানে এসে একটু বিনোদন ও খাওয়া দাওয়া করতে পারে। আগামী ঈদুল আযহা উপলক্ষে সকল শ্রেণি পেশার মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে নতুন নতুন মেনু সাজানো হবে।সুসজ্জিত পরিবেশে বৈচিত্র্যময় খাবারের সম্ভার পাবেন নতুন এ রেস্টুরেন্টটিতে। আমরা এখানে মানসম্মত খাবার সরবরাহ করার চেষ্টা করবো। আমাদের এখানে যে কোন অনুষ্ঠানের খাবার সরবরাহ করার ব্যবস্থা রয়েছে। সঠিক ভাবে ব্যবসা পরিচালনা করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেছেন।

এসময় ফ্যান্টাসি চুয়াডাঙ্গা ফুড এন্ড ফান্ পার্কের পক্ষ থেকে উপস্থিত সকল অতিথি ও দর্শনার্থীদের আপ্যায়ন করা হয়।

আলমডাঙ্গায় সাবেক স্ত্রীকে

দেখতে এসে গণধোলায়ের শিকার যুবক

বিচ্ছেদের প্রায় ১ বছর পর সাবেক স্ত্রীর সাথে দেখা করতে এসে গণধোলাই শিকার হয়েছে এক যুবক। আজ সোমবার সকাল ১১ টার দিকে উপজেলার গোপালনগর গ্রামে এ ঘটনাটি ঘটে। পরে তাকে পুলিশে দেয় স্থানীয়রা।

গণধোলাই শিকার যুবক আনারুল ইসলাম (৩৮)চুয়াডাঙ্গা জেলার জীবননগর থানার কয়া ইউনিয়নের দত্তনগর গ্রামের খলিল হোসেনের ছেলে।

স্থানীয়রা জানান, গত ১০ বছর আগে দত্তনগর গ্রামের আনারুলের সাথে কুষ্টিয়া জেলার মীরপুর থানার খেজুরতলা ভেদামারী গ্রামের মৃত সাইদুল ইসলামের মেয়ে পিঞ্জিরার বিয়ে হয়।

তাদের সুখের দাম্পত্যজীবন ১০ বছর অতিক্রম করে। বৈবাহিক জিবনে বাচ্চা না হওয়ায় দুজনের সম্পর্কে ফাটল ধরে। গত ১ বছর পূর্বে দুজনের বিচ্ছেদও হয়। গত ৭ মাস পূর্বে পিঞ্জিরা খাতুনের সাথে আলমডাঙ্গার গোপালনগর গ্রামের আলিমের সাথে বিবাহ হয়। ইতোমধ্যে গত ২ মাস পূর্বে পিঞ্জিরা পূর্বের স্বামী আনারুলও দামুড়হুদা থানা এলাকায় বিয়ে করে। তবে, আনারুলের সাবেক স্ত্রী পিঞ্জিরা অন্তঃসত্ত্বা হবার খবর শুনে ছুটে আসে গোপালনগরে।

সাবেক স্ত্রীর সাথে যোগাযোগ না পেয়ে প্রায় গত ৪/৫ দিন দিন-রাতে ঘোরাঘুরি করতে থাকে। স্থানীয়দের সন্দেহ হলে তাকে জিজ্ঞাসাবাদ করে। এসময় পিঞ্জিরার বর্তমান স্বামীর নেতৃত্বে স্থানীয় যুবকেরা তাকে গণধোলাই দেয়। পরবর্তীতে গোপালনগর গ্রামের ঈদগাহ’র ঘরে আটকে রাখে।

খবর দিলে মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশের উপ-পরিদর্শক এসআই ইউসুফ আলি সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থলে উপস্থিত হয়। ওই যুবককে উদ্ধার করে পুলিশি হেফাজতে নেয়।

এ বিষয় গোপালনগর গ্রামের সাবেক ইউপি সদস্য রেজাউল ইসলাম জানান, সকাল ১১ টার দিকে অচেনা মানুষ আলিমের বাড়িতে উঁকিঝুঁকি দিতে থাকে। এলাকাবাসী সন্দেহ হয়। তাকে জিজ্ঞাবাদে সে দৌঁড়ে পালানোর চেষ্ঠা করে। স্থানীয়রা তাকে ধরে গণধোলাই শেষে পুলিশে তুলে

দিয়েছে।

পিঞ্জিরার বর্তমান স্বামী আলিম জানান, এনজিও কর্মী পরিচয়ে সে এলাকায় ঘোরাঘুরি করে। গতকাল সোমবার সকালে সে আমার বাড়িতে উঁকিঝুঁকি মারে। এলাকার লোকজন তাকে আটকে মারপিট করে।

মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশের উপ-পরিদর্শক এসআই ইউসুব বলেন, খবর পেয়ে ঘটনাস্থল থেকে যুবককে উদ্ধার করা হয়েছে। প্রাথমিক চিকিৎসার জন্য হারদি স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়েছে।

ঈদুল আযহা উপলক্ষ্যে আলমডাঙ্গায় প্রস্তুতি সভা

আসন্ন পবিত্র ঈদুল আযহা উদযাপন উপলক্ষে আলমডাঙ্গায় প্রস্তুতিমূলক সভা হয়েছে। আজ সোমবার সকাল ১০টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহি অফিসার স্নিগ্ধা দাস। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহীল কাফি, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ও সহকারি সার্জন ডা. শারমিন আক্তার, থানার পুলিশ পরিদর্শক তদন্ত একরামুল হোসাইন, ইউপি চেয়ারম্যান আলহাজ্ব শেখ আশাদুল হক মিকা।

এছাড়াও উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সিভিল ডিফেন্স ও ফায়ার সার্ভিসের সাব-ইন্সপেক্টর মিজানুর রহমান, ইসলামী ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার আক্তারুজ্জামান, মডেল কেয়ার টেকার কাজী মাওলানা ওমর ফারুক, আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সভাপতি নাহিদ হাসান, সাংগঠনিক সম্পাদক আলামিন হোসেন, সাংবাদিক শরিফুল ইসলাম রোকন, ইউনুচ আলী মন্ডল, এম সনজু প্রমুখ।

আসন্ন ঈদ উপলক্ষে পৌরসভাসহ পুরো উপজেলায় নির্দিষ্ট স্থানে পশু

কোরবানি এবং নিরাপদে ঈদের নামাজ আদায়ের ব্যাপারে আলাপ-আলোচনা হয়।